**মাননীয়,**

## সিনিয়র জুড়িসিয়াল ম্যাজিষ্ট্রেট ও সোনাগাজী আমলী আদালত, ফেনী,

**জেলা- ফেনী।**

**সোনাগাজী সি.আর মামলা নং- /২০২১ইং**

**এম, এ হোসেন গাজী** **বনাম** **জয়নাল আবদিন গং**

বাদী আসামীগণ

**ধারাঃ দন্ডবিধি আইনের ৩২৩/৫০৬ ধারা।**

**বিষয়ঃ আসামীগণের পক্ষে স্বেচ্ছায় আদালতে আত্মসমর্পণ পূর্বক জামিনের প্রার্থনা।**

নিবেদন এই,

**১।** অত্র মামলার আসামীগণ সম্পূর্ণ নির্দোষ, অপরাধজনক কোন কাজ করে নাই। ১নং আসামী একজন বয়স্ক ও অসুস্থ্য ব্যক্তি হয়। ২নং আসামী সাধারণ খেটে খাওয়া রাজমিস্ত্রি ও আইনমান্যকারী ব্যক্তি হয়। তাহাদেরকে ষড়যন্ত্রমূলকভাবে মিথ্যা মামলায় জড়িত করা হইয়াছে।

**২।** বাদী ও আসামীগণ একই পাশাপাশি গ্রামের প্রতিবেশী হয়। আসামীগণের পরিবারের সাথে বাদীর জায়গা সম্পত্তি নিয়ে দীর্ঘদিন বিরোধ থাকায় হয়রানির উদ্দেশ্যে পরিকল্পিতভাবে মিথ্যা ঘটনা দেখাইয়া অত্র মামলা আনায়ন করিয়াছেন।

**৩।** বাদী আসামীগণের বিরুদ্ধে L.S.T- ৪৩/২০১৯ ইং আনায়ন করিয়া পরাজিত হইবার সম্ভবনা দেখিয়া আসামীর ফসলী জমিতে যাইয়া ফসলী চারাগাছ তুলিয়া ফেলিলে ১নং আসামী বাঁধা দিলে বাদী ক্ষিপ্ত হইয়া ১নং আসামীকে মারিতে উদ্ধত হয় এবং মানুষজন জড়ো হইতে থাকিলে আসামীগণকে দেখিয়া নিবো বলিয়া স্থান ত্যাগ করে। যাহার ফলশ্রুতিতে আসামীগণকে হেনাস্থা করিবার অভিপ্রায়ে অত্র মামলা আনায়ন করিয়াছে।

**৪।** অত্র আসামীগণ আইনের প্রতি শ্রদ্ধাশীল, আসামীগণ জামিন পাইলে পালাতক হইবেনা।

**৫।** আসামীগণ জামিন পাইলে উপযুক্ত লোক স্থানীয় জামিনদার থাকিবে। সকল ধার্য্য তারিখে হাজির থাকিবে, জামিনের কোন শর্ত ভঙ্গ করিবেনা।

**৬।** বক্রী শুনানীকালে বাচনিক নিবেদন করা হইবে।

ইতি/তাং- ২৭/১২/২০২১ইং

**তফসীল আসামীগণঃ**

১। জয়নাল আবেদিন (৭৫), পিতা- মৃত আবদুল শুক্কুর,

২। নিজাম উদ্দিন (৩৬), পিতা-জয়নাল আবেদিন, সর্ব-সাং- চর খোয়াজ, ডাকঘর ও থানা-সোনাগাজী, জেলা-ফেনী।